রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **‘পার্বত্য চট্টগ্রাম বিষয়ক পরামর্শক কমিটি’** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি | সভাপতি |
| (২) | চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স কমিটি | সদস্য |
| (৪) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | সদস্য |
| (৬) | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যানের প্রতিনিধি | সদস্য |
| (৭) | মিজ মাম্যাচিং<br>চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

(৮) জনাব দীপন তালুকদার — সদস্য
চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

(৯) জনাব ম্রাসা থোয়াই মারমা — সদস্য।
চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

১.২। **কমিটির কার্যপরিধি :**

পার্বত্য চট্টগ্রামের উন্নয়ন, নিরাপত্তা বিধান, সন্ত্রাস দমন ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য আগামী দুই মাসের (৬০ দিন) মধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক নির্বাহী কমিটির নিকট সুপারিশ উপস্থাপন।

১.৩। কমিটি প্রয়োজন অনুযায়ী ও ক্ষেত্র বিবেচনায় সশস্ত্র বাহিনী, নিরাপত্তা বাহিনী ও অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থার প্রধান বা অন্য কোনো কর্মকর্তা, প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোনো ব্যক্তিকে কমিটিতে সদস্য/সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে নির্দিষ্ট সময়ের জন্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd